দৈনিক
ইনকিলাব

তারিখ ... SEP 22 2006 ...
পৃষ্ঠা : ৩ কলাম : ৬

## ইসলামিক ফ্রন্ট প্রতিনিধি দলের সাথে আব্দুল জলিল

# আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবীর প্রতি আওয়ামী লীগের পূর্ণ সমর্থন

**স্টাফ রিপোর্টার**

স্বতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবীর প্রতি পূর্ণ সমর্থন ব্যক্ত করেছে প্রধান বিরোধী দল আওয়ামী লীগ। এ ঘোষণা দিয়ে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আব্দুল জলিল বলেছেন, মাদ্রাসা শিক্ষাকে আরও সুন্দর ও যুগোপযোগী করার জন্য দেশের প্রখ্যাত ইসলামী চিন্তাবিদ, আলেম-ওলামা ও পীর-মাশায়েখগণ স্বতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার যে দাবী করে আসছে আওয়ামী লীগ তার প্রতি পূর্ণ সমর্থন জানাচ্ছে।

গতকাল (বৃহস্পতিবার) ইসলামিক ফ্রন্ট বাংলাদেশের একটি প্রতিনিধি দল আব্দুল জলিলের সাথে তার বাসায় সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা জানান। আওয়ামী লীগ সাধারণ সম্পাদক প্রতিনিধি দ[...] উদ্দেশে আরো বলেন, আওয়ামী লীগ ইসলামবিরোধী [...] রাজনৈতিক দল নয়। কিন্তু একটি মহল উদ্দেশ্যমূলকভাবে ইসলা[...] আওয়ামী লীগের বিরুদ্ধে অব্যাহতভাবে অপপ্রচার চালিয়ে যাচ্ছে[...] তিনি বলেন, বঙ্গবন্ধু ইসলামিক ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা। আওয়ামী লীগ সরকার দেশের ইসলামের কল্যাণে এবং মাদ্রাসা [...] মানোন্নয়নে বেশ কয়েকটি যুগান্তকারী পদক্ষেপ নেয়। ব্যাপক[...] মাদ্রাসা প্রতিষ্ঠাসহ এ খাতের অবকাঠামো উন্নয়নেও শেখ হ[...] সরকার অতীতের যেকোনো সরকারের চেয়ে বেশী অবদান [...] বিগত আওয়ামী লীগ সরকার ইসলামী ফাউন্ডেশনের উ[...] মসজিদভিত্তিক শিক্ষা কার্যক্রমও

৮-এর পৃঃ ১-এর কঃ

## আওয়ামী লীগের পূর্ণ সমর্থন

*প্রথম পৃষ্ঠার পর*

চালু করেছিলো বলে আব্দুল জলিল উল্লেখ করেন। তিনি বলেন, আওয়ামী লীগ কখনোই ইসলামের বিপক্ষে নয়, তবে ইসলামের নামে উগ্রবাদ, জঙ্গিবাদ ও মওদুদীবাদের বিরুদ্ধে।

আওয়ামী লীগের উপ-দফতর সম্পাদক বি এম মোজাম্মেল হক স্বাক্ষরিত প্রেসবিজ্ঞপ্তিতে জানানো হয়, [illegible] প্রতিনিধি দলটির নেতৃত্ব দেন ইসলামিক ফ্রন্ট বাংলাদেশের চেয়ারম্যান আল্লামা সৈয়দ বাহাদুর শাহ্। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন আলহাজ্ব খাজা আহমেদুর রহমান, এনায়েতউল্লাহ সিদ্দিকী ও আলহাজ্ব মাওলানা খাজা আরিফুর রহমান তাহেরী প্রমুখ।

এ প্রতিনিধি দলের নেতৃবৃন্দ শেখ হাসিনার নেতৃত্বে পরিচালিত চলমান আন্দোলনের প্রতি তাদের পূর্ণ সমর্থন ব্যক্ত করেন এবং ইসলাম ও মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে জোট সরকারের নেয়া বিভিন্ন সিদ্ধান্তের নিন্দা জানান।

প্রসঙ্গত, সম্প্রতি আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির এক বৈঠকে স্বতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবী নিয়ে আলোচনা হয়। এ দাবীর প্রতি আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটি পূর্ণ সমর্থন ব্যক্ত করার সিদ্ধান্ত নেয়। জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা ওই